

স্টামফোর্ড ইউনিভার্সিটিতে ভর্তিমেলায় চলছে বিশেষ ছাড়

নিজস্ব বার্তা পরিবেশক

: শনিবার, ০১ জুন ২০২৪



স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ-এ “ভর্তি মেলা সামার-২০২৪”- এ ১৪ টি ডিপার্টমেন্টে ২৮ টি কোর্সে বিশেষ ছাড়ে ভর্তি চলছে। এই মেলায় যেসকল শিক্ষার্থীরা ভর্তি হবেন, তারা ভর্তি ফির উপর ৫০% ছাড় ও টিউশন ফির প্রথম সেমিস্টারে ১০% ছাড় পাবেন।

ইউনিভার্সিটির সিদ্ধেশ্বরী ক্যাম্পাসে এই মেলায় চলছে। মেলায় প্রতিটি ডিপার্টমেন্টের একটি করে স্টল আছে। স্টলে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বিভিন্ন তথ্য দিয়ে সহায়তা করছেন আয়োজকরা।

শনিবার (০১ জুন) এ ভর্তি মেলার উদ্বোধন করেন স্টামফোর্ড ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান ফাতিনাজ ফিরোজ।

এ সময় উপস্থিত ছিলেন ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টির সদস্য ড.ফারাহনাজ ফিরোজ, উপাচার্য অধ্যাপক ড.মনিরুজ্জামান, উপ-উপাচার্য প্রফেসর ড. ইউনুস মিয়া, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. জিয়াউল হাসান, ভর্তি মেলা কমিটির কনভেনর ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড.আহমদ কামরুজ্জামান মজুমদার, রেজিস্ট্রার, প্রক্টর, বিভিন্ন অনুষদের ডিন, চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা।

আগামী ৩ জুন, ২০২৪ পর্যন্ত এই ভর্তি মেলা চলবে। এ সময়ের মধ্যে ভর্তি হওয়া শিক্ষার্থীরা এ বিশেষ ছাড় পাবেন।

উল্লেখ্য,কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং- ২০২৪-এ স্টামফোর্ড ইউনিভার্সিটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৭ম স্থান অর্জন করেছে। এছাড়া দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্টামফোর্ড ইউনিভার্সিটি বেসরকারি আছে ১৫ তম অবস্থানে।